

শহীদ ডা. শামসুল আলম খান মিলনের ২৭তম শাহাদত বার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি

আজ ২৭ নভেম্বর ২০১৭, সোমবার শহীদ ডা. শামসুল আলম খান মিলনের ২৭তম শাহাদত বার্ষিকীতে শহীদ ডা. মিলনের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (উপাচার্য) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, ডা. জামাল উদ্দিন খলিফা, অধ্যাপক ডা. এ এইচ এম জহুরুল হক সান্না, ডা. স্বপন কুমার তপাদার, ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, ডা. মোঃ রসুল আমিন, ডা. পবিত্র কুমার দেবনাথ, ডা. বেলাল এইচ সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন (বিএমএ)সহ বিভিন্ন সংগঠন, রাজনৈতিক দল ও সংগঠনের পক্ষ থেকেও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

